ভোরের কাগজ

76

তারিখ ... AUG. 5 ... 1999 ...
পৃষ্ঠা 9 কলাম 6

# মাদ্রাসার স্বীকৃতি বাতিলের প্রতিবাদে কালীগঞ্জে শিক্ষক সমাবেশ

কালীগঞ্জ (গাজীপুর) প্রতিনিধি : থানার মাদ্রাসার মধ্যে ১২টির সরকারি স্বীকৃতি ও এমপিও বাতিল করায় কালীগঞ্জ থানা জমিয়তুল মোদাররেসিন স্থানীয় প্রেসক্লাব প্রাঙ্গণে গত ২২ জুলাই এক প্রতিবাদ সভা করেছে।

মাওলানা আব্দুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন সাবেক অধ্যক্ষ মাওলানা হাফেজ উদ্দিন, অধ্যক্ষ মাওলানা ইসমাইল ও অধ্যক্ষ মাওলানা আলী হোসেন। সভা শেষে একটি বিক্ষোভ মিছিল বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে থানা পরিষদ কার্যালয়ের সামনে উপস্থিত হলে স্থানীয় সাংসদ আক্তারুজ্জামান শিক্ষকদের উদ্দেশ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

তিনি এ সকল মাদ্রাসা পুনর্বহালের ব্যাপারে সরকারের কাছে সুপারিশ করার আশ্বাস ব্যক্ত করে মাদ্রাসা শিক্ষকদের শান্ত করেন। শিক্ষক নেতৃবৃন্দ পরে থানা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবর একটি স্মারকলিপি প্রদান করেন।

বাতিলকৃত ১২টি মাদ্রাসার মধ্যে একটি ফাজিল, ছয়টি আলেম ও পাঁচটি দাখিল মাদ্রাসা রয়েছে।